ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পি.এল.সি
মুরাদপুর শাখা, চট্টগ্রাম।

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারার বিধান মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মোঃ রাহমাতুল্লাহ, পিতা- আবদুর রশীদ, মাতা- রেশমা খাতুন, ঠিকানা- তালুকদার বাড়ী, সাতবাড়িয়া, ডাকঘর- হাজী পাড়া-৪৩৮৩, থানা- চন্দনাইশ, জেলা- চট্টগ্রাম তার মালিকানাধীন মেসার্স রহমত ট্রেডার্স, ব্যবসায়িক ঠিকানা- আর আর সেন্টার, ৭৭৮/এ, ইকবাল রোড, ফিশারী ঘাট, ডাকঘর- জিপিও-৪০০০, থানা- কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মুরাদপুর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল মূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিল মূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬/০৭/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৭,৯৪,৯৯,২১৮.৯৩ (সাত কোটি চুরানব্বই লক্ষ নিরানব্বই হাজার দুইশত আঠারো দশমিক নয় তিন) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ২৪/০৮/২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল পিএলসি, মুরাদপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল পিএলসি, মুরাদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য www.ucb.com.bd ওয়েবসাইটে পাওয়া যাইবে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

**তফসিল-ক**

জেলা- চট্টগ্রাম, থানা- পটিয়া, মৌজা- হাইদগাঁও, জে.এল. নং ৮৩ (বি.এস. মতে), পটিয়া/কর্ণফুলী (ক্যাম্প) সাব রেজিস্ট্রি অফিস, চট্টগ্রামের এখতিয়ারের মধ্যে অবস্থিত ২২.০০ (বাইশ পয়েন্ট শূণ্য শূণ্য) শতক বা ০.২২০০ (শূণ্য পয়েন্ট দুই দুই শূণ্য শূণ্য) একর জমি, বিগত ১৫/১২/২০২২ তারিখের রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল নং- ১৫০৫৭ এর ভিত্তিতে জনাব রহমতুল্লাহর মালিকানাধীন এবং দখলে আর.এস. খতিয়ান নং. ৫৪১২, ১৬৪৬, ২০৬৮ এবং ৫০০২, আর.এস. প্লট নং. ২৫১১, ২৫১৩, ২৬১০, ২৫৬৭, ২৫৬৮, ২৫৬৯, ২৫৭০, ২৬৮৮ এবং ২৬০৯, বি.এস. মূল খতিয়ান নং- ১২৭৯ এবং ২৭৭১, পূর্ববর্তী বি.এস. নামজারী খতিয়ান নং- ১০৪৯৩, বর্তমান বি.এস. নামজারী খতিয়ান নং- ১৩৯৯২, বি.এস. প্লট নং- ২৪৩৮ (দুই হাজার চারশত আটত্রিশ), ২৪৫২ (দুই হাজার চারশত বায়ান্ন), ২৪৫১ (দুই হাজার চারশত একান্ন), ২৪৪৬ (দুই হাজার চারশত ছেচল্লিশ), ২৪৪৩ (দুই হাজার চারশত তেতাল্লিশ), ২৪৪৮ (দুই হাজার চারশত আটচল্লিশ), ২৪৮৬ (দুই হাজার চারশত আটচল্লিশ), ২৫১৯ (দুই হাজার পাঁচশত উনিশ), ২৪৪৭ (দুই হাজার

চারশত সাতচল্লিশ) এবং ২৪৪৪ (দুই হাজার চারশত চুয়াল্লিশ) দাগাদিতে ২২ শতক জমি এবং তৎ স্থাপনা উল্লিখিত সমস্ত অধিকার, স্বত্ব, স্বার্থ, সুবিধা, রাস্তা ও পথের অধিকার সহ।

**চৌহর্দ্দি ঃ-**

উত্তরে- ১২ ফুট প্রশস্ত কাঁচা রাস্তা, দক্ষিণে- সুবল সেনের জমি, পূর্বে- আনোয়ারুল ইসলামের জমি এবং পশ্চিমে- সুবল সেন ও কিরন দে এর জমি।

**তফসিল-খ**

জেলা- চট্টগ্রাম, থানা- পটিয়া, মৌজা- কেলিশহর, জে.এল. নং- ৭৭ (বি.এস. মতে), পটিয়া/কর্ণফুলী (ক্যাম্প) সাব রেজিস্ট্রি অফিস, চট্টগ্রামের এখতিয়ারাধীন ১২.৩০ (বারো পয়েন্ট তিন শূণ্য) শতক বা ০.১২৩০ (শূণ্য পয়েন্ট এক দুই তিন শূণ্য) একর, বিগত ১৫/১২/২০২২ ইং তারিখের রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল নং- ১৫০৫৭ মূলে জনাব রহমতুল্লাহ মালিকানাধীন এবং দখলকৃত সম্পত্তি, আর.এস. খতিয়ান নং- ৩১৫০, ৪০৩৩, ৪০৩৪, ১৮৮৫, ২০৬৫ এবং ১২৪৮, আর.এস. প্লট নং- ১০৪৮৫, ১০৫২৩, ১০১৮০, ১০২২১, ১০২২৬, ১০২৩৫ এবং ১০২৩২ এবং মূল বি.এস. খতিয়ান নং- ৬৮৯, ৬২৪, ৬৮৮, ২৯০৮, ২৮৪৮ এবং ১২০৯, পূর্ববর্তী বি.এস. নামজারী খতিয়ান নং - ৩০০৪, বর্তমান বি.এস. নামজারী খতিয়ান নং- ৫৪২৩, বি.এস. প্লট নং- ১০৬৯২ (দশ হাজার ছয়শত বিরানব্বই), ১০৪৫৮ (দশ হাজার চারশত আটান্ন), ১০১৫২ (দশ হাজার একশত বায়ান্ন), ১০২১৪ (দশ হাজার দুইশত চৌদ্দ), ১০২২৬ (দশ হাজার দুইশত ছাব্বিশ), ১০২২১ (দশ হাজার দুইশত একুশ), ১০২২৩ (দশ হাজার দুইশত তেইশ) দাগাদিতে নামজারী অনুসারে ১২.৩০ শতক জমি এবং তদস্থিত স্থাপনা সহ মালিকানা দলিল ইত্যাদিতে উল্লিখিত সমস্ত অধিকার, স্বার্থ, সুবিধা, রাস্তা ও পথের অধিকার।

**বি.এস. প্লট নং- ১০৬৯২ এর চৌহর্দ্দি ঃ-**

উত্তরে- পরিমলের ভূমি, দক্ষিণে- সোনা মহাজনের ভূমি, পূর্বে- বাদলের ভূমি এবং পশ্চিমে- দুলাল মহাজনের ভূমি।

**বি.এস. প্লট নং- ১০৪৫৮ এর চৌহর্দ্দি ঃ-**

উত্তরে- বিজন চক্রবর্তী এবং অমর সেনের জমি, দক্ষিণে- কালী শঙ্কর এবং সোনা মহাজনের জমি, পূর্বে- ন্যানি চেয়ারম্যানের জমি এবং পশ্চিমে- সোনা মহাজনের জমি এবং উক্ত বি.এস. প্লটের বাকি জমি।

**বি.এস. প্লট নং ১০১৫২ এর চৌহর্দ্দি ঃ-**

উত্তরে- লক্ষী সেনের ভূমি, দক্ষিণে- রণজিৎ সেন এবং নিমাই সেনের ভূমি, পূর্বে- অমর সেন এবং রণতোষ সেনের ভূমি এবং পশ্চিমে- সমর সেনের ভূমি।

**বি.এস. প্লট নং ১০২১৪ এর চৌহর্দ্দি ঃ-**

উত্তরে- ত্রিদিব সেনের ভূমি, দক্ষিণে- রাস্তা, পূর্বে- ভূপতি, নিপু ও খোকন সেনের ভূমি এবং পশ্চিমে- উদয় সেনের ভূমি।

**বি.এস. প্লট নং ১০২২৬ এবং ১০২২১ এর চৌহর্দ্দি ঃ-**

উত্তরে- সুনীল দে'র ভূমি, দক্ষিণে- ভূপতি দে'র ভূমি, পূর্বে- পরিতোষ এবং অন্যান্যদের ভূমি এবং সুজিত সেন এবং বিমলের ভূমি এবং পশ্চিমে- স্বপন দে এবং সুনীল দে'র ভূমি।

**বি.এস. প্লট নং ১০২২৩ এর চৌহর্দ্দি ঃ-**

উত্তরে- উক্ত বি.এস. প্লটের অবশিষ্ট জমি, দক্ষিণে- রাস্তা, পূর্বে- উক্ত বি.এস. প্লটের রাস্তা এবং উক্ত বি.এস. প্লটের অবশিষ্ট জমি এবং পশ্চিমে- উক্ত বি.এস. প্লটের অবশিষ্ট জমি।

**<u>তফসিল-গ</u>**

জেলা- চট্টগ্রাম, থানা- পটিয়া, মৌজা- হাইদগাঁও, জে.এল. নং ৮৩ (বি.এস. মতে), পটিয়া/কর্ণফুলী (ক্যাম্প) সাব রেজিস্ট্রি অফিস, চট্টগ্রামের এখতিয়ারাধীন ২৫.০০ (পঁচিশ দশমিক শূণ্য শূণ্য) শতক বা ০.২৫০০ (শূণ্য দশমিক দুই পাঁচ শূণ্য শূণ্য) একর জমি, যাহা বিগত ২১/১২/২০২২ ইং তারিখের রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল ১৫৩২৫ মূলে জনাব রহমতুল্লাহ মালিকানাধীন এবং দখলকৃত সম্পত্তি, যা আর.এস. খতিয়ান নং- ১৫৯৩, ৫০০৩ এবং ২৩৮৬, আর.এস প্লট নং- ২৬১২, ২৬১৩, ২৬১৫ এবং ২৪৮৪, মূল বি.এস. খতিয়ান নং- ৪৭৭৭ এবং ৪০২৫, পূর্ববর্তী বি.এস. নামজারী খতিয়ান নং- ১০৬৯৭, বর্তমানে বি.এস. নামজারী খাতিয়ান নং- ১৩৯৯২, বি.এস. প্লট নং- ২৪৮৮ (দুই হাজার চারশত আটাশি),২৪৮৭(দুই হাজার চারশত সাতাশি), ২৫১৭ (দুই হাজার পাঁচশত সতেরো) এবং ২৩৫৪ (দুই হাজার তিনশত চুয়ান্ন) দাগে নামজারী অনুসারে ২৫ শতক জমি এবং তদস্থিত স্থাপনা মালিকানা দলিল ইত্যাদিতে উল্লিখিত সমস্ত অধিকার, স্বার্থ, সুবিধা, রাস্তা ও পথের অধিকার সহ।

**<u>চৌহর্দ্দি</u> ঃ-**

উত্তরে- নিজ, দক্ষিণে- তাহেরা বেগমের ভূমি, পূর্বে- লিয়াকত আলী এবং অন্যান্যদের ভূমি এবং পশ্চিমে- তাহেরা বেগমের ভূমি।

তফসিল-ক, খ এবং গ-তে মোট জমির পরিমাপ (২২.০০+১২.৩০+২৫.০০) = ৫৯.৩০ (ঊনষাট দশমিক তিন শূণ্য) শতক বা ০.৫৯৩০ একর।